

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৭/ ৬৩(২)

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪২৩ বঃ
১৪ মার্চ, ২০১৭ খ্রিঃ

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ২/২০১৭

বিষয়: **Float** নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

জনাব তাপস বড়ুয়া Float নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) আবেদনকারির পরিচিতি:

আবেদনকারির নাম	জনাব তাপস বড়ুয়া
আবেদনকারির ঠিকানা	৩০৫০, বৌদ্ধ মন্দির সড়ক, চান্দগাঁও, চট্টগ্রাম-৪২২১।
টেলিফোন নম্বর	০১৭১৪৪৩৪৩৭০
ই-মেইল ঠিকানা	tradingfair@yahoo.com

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Float (Fishing Float)
যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে	Solid Round shape PVC
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	মালয়েশিয়া
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস	৯৫০৭.৯০.০০

২। আমদানিয় পণ্যের বিবরণ/ ব্যবহার/ উপযোগিতা:

আলোচ্য আবেদনে উল্লেখ আছে, বর্ণিত Float নামক পণ্যটি শুধু মাছ ধরার জালে ব্যবহৃত হবে। নমুনা পর্যালোচনায় দেখা যায়, এটি PVC বা প্লাস্টিক দ্বারা তৈরীকৃত নিল রং এর ৮ ইঞ্চি ব্যাস বিশিষ্ট ডিম্বাকার বস্তু। পণ্যের গায়ে ৪" Float শব্দগুলো Embossed করা আছে। ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, Fishing float বা float হচ্ছে মাছ ধরার সরঞ্জাম (angling equipment) যা fishing line এর সাথে সংযুক্ত থাকে। Float বিভিন্ন সাইজ ও সেপের হয়ে থাকে। Float বিভিন্ন উপাদান যেমন: balsa wood, cork, plastic, Indian sarcanda reed (Erianthus family), এমনকি bird/ porcupine quills দ্বারা তৈরী হয়ে থাকে।



Picture of Floats (Fishing Floats) with net

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:

এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনায় দেখা যায়, Explanatory Notes, Volume 2 এর পৃষ্ঠা-VII-39-2 এর চ্যাপ্টার নোট এ উল্লেখ আছে, চ্যাপ্টার ৯৫ ভুক্ত পণ্যসমূহ চ্যাপ্টার ৩৯ থেকে Excluded হবে। Explanatory Notes, Volume 5 এর পৃষ্ঠা-XX-95-2 এর চ্যাপ্টার নোট এ উল্লেখ আছে, fishing এর কাজে প্রয়োজনীয় উপাদানসমূহ এ চ্যাপ্টারভুক্ত হবে। এই চ্যাপ্টারভুক্ত পণ্যসমূহ সাধারণত Pearls, precious or semi-precious stones, precious metal or metal clad with precious metal ব্যতীত যেকোন উপাদান দ্বারা প্রস্তুতকৃত হতে পারবে। Explanatory Notes, Volume 5 এর পৃষ্ঠা-XX-9507-1 এর হেডিং নোট এ উল্লেখ আছে, বিভিন্ন উপাদান যেমন: cork, glass, quill ইত্যাদির তৈরী Fishing Float সমূহ হেডিং ৯৫.০৭ এ শ্রেণিবিন্যাসিত হবে। বর্ণিতাবস্থায়, GIR 1 & 6 অনুযায়ী আলোচ্য পণ্যটি এইচ.এস.কোড ৯৫০৭.৯০.০০ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে।

৪। অগ্রিম রুলিং:

জনাব তাপস বড়ুয়া কর্তৃক আমদানিয় PVC দ্বারা তৈরীকৃত Float (Fishing Float) নামক পণ্যটি এইচ.এস.কোড ৯৫০৭.৯০.০০ এ শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৫। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) জনাব তাপস বড়ুয়া এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে জনাব তাপস বড়ুয়া রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট
ও
সদস্য, গ্রুপ-১ (কাস্টমস নীতি)

প্রাপক:


কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০.১৭/৬২(৩)

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪২৩ বঃ
১৪ মার্চ, ২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুদ্ধ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
- ২৪। কমিশনার, শুদ্ধ মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২৭। জনাব তাপস বড়ুয়া, ৩০৫০, বৌদ্ধ মন্দির সড়ক, চান্দগাঁও, চট্টগ্রাম-৪২২১।
- ২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২৯। অফিস কপি/ গার্ড নথি।


(মোঃ শরফুদ্দিন মিয়া)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও

দ্বিতীয় সচিব
(কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)
ই-মেইল: sharfuddin009nbr@gmail.com